পরিচালক
নগর উন্নয়ন অধিদপ্তর
উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা)
উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়)
সিনিয়র জিওগ্রাফার
সিনিয়র প্ল্যানার (টাউন প্ল্যানিং)
সিনিয়র প্ল্যানার (রিজিওনাল প্ল্যানিং)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১৫.৯৯.০০২.১৮-৬২৮

তারিখ : ১৭ বৈশাখ ১৪৩২
৩০ এপ্রিল ২০২৫

বিষয়: মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এর নিকট হতে প্রাপ্ত আধা-সরকারি পত্র প্রেরণ প্রসংগে।

সূত্র: মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এর ১৬ এপ্রিল ২০২৫ তারিখের ১৪.০০.০০০০.০২৭.৯৯.০০৭.২৪-৯৫ নং আধা-সরকারি পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত আধা-সরকারি পত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

৩০/০৪/২০২৫
(ফরিদা ইয়াসমিন)
উপসচিব
ফোন-৯৫১২২৩১

বিতরণ: সদয় কার্যার্থে/ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), ........................................, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৩. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা ও সভাপতি, পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৬. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৮. চেয়ারম্যান, চট্ট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/ গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ।
৯. মহাপরিচালক, এইচবিআরআই, ১২০/৩ দারুস সালাম, মিরপুর রোড, ঢাকা।
১০. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. যুগ্মসচিব (সকল), ........................................, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
১৩. উপসচিব (সকল), ..............................................................., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৬. রেজিস্ট্রার, ১ম/ ২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুনবাগিচা, ঢাকা।
১৭. সিনিয়র সহকারী সচিব (সকল), ..............................................., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৮. পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২০. জনসংযোগ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সহকারী সচিব (সকল), ..............................................., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
২২. হিসাবরক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. জনসংযোগ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

(2)

ফয়েজ আহমদ তৈয়্যব
মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী
(প্রতিমন্ত্রীর পদমর্যাদা)
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Faiz Ahmad Taiyeb
Special Assistant to Hon'ble Chief Adviser
(With the Status of State Minister)
Ministry of Posts, Telecommunications and IT
Govt. of the People's Republic of Bangladesh

আধা-সরকারি পত্র নম্বর ১৪.০০.০০০০.০২৭.৯৯.০০৭.২৪. ৯৫

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রিয় মহোদয়,

বাংলাদেশের আপামর জনসাধারণের সহজ ও হয়রানিমুক্ত নাগরিক সেবা প্রাপ্তির প্রত্যাশা প্রতিফলনের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের দপ্তরসমূহের নাগরিক সেবা প্রান্তিক জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস সকল মন্ত্রণালয়/বিভাগের আওতায় কমপক্ষে ০২ (দুই) টি সেবা অনলাইনে সহজলভ্য করার বিষয়ে জরুরি নির্দেশ প্রদান করেছেন।

০২। বাংলাদেশকে একটি আধুনিক ও প্রযুক্তিনির্ভর জনবান্ধব রাষ্ট্রে রূপান্তরের অংশ হিসেবে সহজ ও হয়রানিমুক্ত "নাগরিক সেবা বাংলাদেশ (সেবা)" নামে একটি জনমুখী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উদ্যোগটি বাস্তবায়নে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণের প্রস্তুতি নিতে বলা হয়েছে:

- স্বাধীন উদ্যোক্তাদের জন্য নামমাত্র মূল্যে লাইসেন্সসহ নতুন সেবা ব্র্যান্ডের অনুমোদন;
- নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম চালুকরণ;
- উদ্যোক্তাদের জন্য বিভিন্ন সরকারি ও বেসরকারি অফিসে Co-Working Space স্থাপন; বিশেষতঃ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আদলে সেবা প্রদানের জন্য বিভিন্ন মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার স্থানীয় অফিস, পোস্ট অফিস এবং ওয়ার্ড পর্যায়ে কিয়স্ক (KIOSK) কার্যক্রম চালুকরণ
- নাগরিক ভেরিফিকেশনের জন্য KIOSK-এ ফেইস ভেরিফিকেশন/ফিঙ্গারপ্রিন্ট ডিভাইস বিবেচনা করা;
- ইউনিয়ন পর্যায়ে তথ্যপ্রযুক্তিনির্ভর Training Center, সার্ভিস Outlet কেন্দ্র স্থাপন;
- মনিটরিং/টেকনিক্যাল সাপোর্ট এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ (৩৩৩, কল সেন্টার, ওয়েব সাপোর্ট);
- অভিযোগ ও প্রতিকার ব্যবস্থার জন্য ৩৩৩ নম্বর ব্যবহারের কার্যকর প্রয়োগ,
- মনিটরিং ও কারিগরি সাপোর্ট এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ,
- উদ্যোক্তাদের বিশেষ ব্যাজ/পরিচিতি/ব্র্যান্ডিং চালু করে উদ্যোগটির ক্যাম্পেইন করা।

০৩। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অধীন অধিদপ্তর, দপ্তর, পরিদপ্তর, সংস্থা ও কোম্পানিগুলোর আওতায় ধারাবাহিকভাবে নতুন নতুন অনলাইন সেবা প্রবর্তনেরও নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৪। এই প্রেক্ষাপটে, আপনার মন্ত্রণালয়/বিভাগের পক্ষ থেকে অনলাইনভিত্তিক কমপক্ষে ০২ (দুই) টি সেবা বাস্তবায়নের পরিকল্পনা এবং সম্ভাব্য ধারণাসমূহ অনতিবিলম্বে প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা যাচ্ছে। আমি বিশ্বাস করি, আপনার সহায়তা তৃণমূল পর্যায়ে নাগরিক তথ্য ও সেবা পৌঁছে দিতে মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয় কর্তৃক গৃহীত এই জাতীয় উদ্যোগটি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

আপনার সার্বিক সহযোগিতার জন্য অশেষ ধন্যবাদ।

আন্তরিকভাবে আপনার

১৬.০৪.২০২৫

ফয়েজ আহমদ তৈয়্যব
মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

জনাব মোঃ নজরুল ইসলাম
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।